গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

# জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও প্রচার কমিটির জানুয়ারি/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী<br>জেলা ম্যাজিস্ট্রেট |
| সভার তারিখ | ০৮ই জানুয়ারি, ২০২৩খ্রি. |
| সভার সময় | সকাল ১১:৩০ ঘটিকা। |
| স্থান | জেলা প্রশাসক, সুনামগঞ্জ-এর সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নির্ধারিত আলোচ্য বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | মাদকবিরোধী মোবাইল কোর্ট ও টাস্কফোর্স অভিযান সংক্রান্ত। | আলোচনা : সভায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ কর্তৃক পরিচালিত মাদকবিরোধী টাস্কফোর্স ও মোবাইল কোর্ট অভিযানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>**<u>টাস্কফোর্স অভিযান:</u>**<br>ডিসেম্বর/২০২২ মাসে জনাব আসাদুজ্জামান রনি, সহকারী কমিশনার(ভূমি), তাহিরপুর, সুনামগঞ্জ এর নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ ও পুলিশ(বাদাঘাট পুলিশ তদন্ত কেন্দ্র) এর সহায়তায় তাহিরপুর উপজেলায় ০২(আট) টি মাদকবিরোধী টাস্কফোর্স অভিযান পরিচালনা করা হয়েছে। অভিযান পরিচালনাকালে ২৫০ গ্রাম গাঁজা ও ১২ বোতল বিলাতি মদ সংরক্ষনের অপরাধে ০১(এক) টি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।<br>**<u>মোবাইল কোর্ট অভিযান:</u>**<br>০১। ডিসেম্বর/২০২২ মাসে জনাব বিশ্বজিৎ দেব, উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ এর নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ এর সহায়তায় জামালগঞ্জ উপজেলায় ১৪(চৌদ্দ)টি মাদকবিরোধী মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়েছে। অভিযান পরিচালনাকালে গাঁজা সেবন ও সংরক্ষণের অপরাধে ০৯(নয়) জনকে আটক করা হয়েছে এবং তাদের ০৯(নয়) জনকে ০৭(সাত)দিন করে বিনাশ্রম কারাদন্ড এবং প্রত্যেককে ৫০(পঞ্চাশ) টাকা করে অর্থদন্ড আরোপ করা হয়েছে।<br>০২। ডিসেম্বর/২০২২ মাসে জনাব মাহদুদুর রহমান মামুন, উপজেলা নির্বাহী অফিসার, দিরাই, সুনামগঞ্জ এর নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ এর সহায়তায় দিরাই উপজেলায় ৮(আট) টি মাদকবিরোধী মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়েছে। অভিযান পরিচালনাকালে গাঁজা সংরক্ষণের অপরাধে ০৫(পাঁচ) জনকে আটক করা হয়েছে এবং তাদের ০৩(তিন) জনকে ০৭ (সাত) দিনের বিনাশ্রম কারাদন্ড ও ০২(এক) জনকে ০৫(পাঁচ) দিনের বিনাশ্রম কারাদন্ড সহ প্রত্যেককে ১০০(একশত) টাকা করে মোট ৫০০( পাঁচশত) টাকা অর্থদন্ড আরোপ করা হয়েছে।<br>০৩। ডিসেম্বর/২০২২মাসে জনাব ফয়সাল আহমেদ, সহকারী কমিশনার (ভূমি), দোয়ারাবাজার, সুনামগঞ্জ এর নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ এর সহায়তায় দোয়ারাবাজার উপজেলায় ০৭(সাত) টি মাদকবিরোধী মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়েছে। অভিযান পরিচালনাকালে গাঁজা সংরক্ষণের অপরাধে ০৪(চার) | (ক) পুলিশ সুপার, সুনামগঞ্জ।<br>(খ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সুনামগঞ্জ।<br>(গ) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, |

| | | | |
|---|---|---|---|
| | | জনকে আটক করা হয়েছে এবং তাদের ০১(এক) জনকে ০৩(তিন) দিনের বিনাশ্রম কারাদন্ড এবং ৫০০(পাঁচশত) টাকা অর্থদন্ড এবং ০৩(তিন) জনের প্রত্যেককে ০১ (এক) মাসের বিণাশ্রম কারাদন্ড ও ২০০ (দুইশত) টাকা করে অর্থদন্ড আরোপ করা হয়েছে।<br>০৪। ডিসেম্বর/২০২২ মাসে জনাব সালমা পারভীন, উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ এর নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ এর সহায়তায় সুনামগঞ্জ সদর উপজেলায় ০৭(সাত) টি মাদকবিরোধী মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়েছে। অভিযান পরিচালনাকালে গাঁজা সংরক্ষনের অপরাধে ২(দুই) জনকে আটক করা হয়েছে এবং তাকে ০২ (দুই) দিনের বিণাশ্রম কারাদন্ড ও ১০০ টাকা করে মোট ২০০ (দুইশত) টাকা অর্থদন্ড আরোপ করা হয়েছে।<br>০৫। ডিসেম্বর/২০২২ মাসে আনোয়ার উজ জামান, উপজেলা নির্বাহী অফিসার, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ এর নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ এর সহায়তায় সুনামগঞ্জ সদর উপজেলায় ০৮(আট) টি মাদকবিরোধী মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়েছে। অভিযান পরিচালনাকালে গাঁজা সংরক্ষণের অপরাধে ০২(দুই) জনকে আটক করা হয়েছে এবং তাদেরকে ০৭(সাত) দিনের বিনাশ্রম কারাদন্ড ও ১০০(একশত) টাকা করে মোট ২০০ (দুইশত) টাকা অর্থদন্ড আরোপ করা হয়েছে।<br>০৬।ডিসেম্বর/২০২২ মাসে জনাব আসাদুজ্জামান রনি, সহকারী কমিশনার(ভূমি), তাহিরপুর, সুনামগঞ্জ এর নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ ও পুলিশ(বাদাঘাট পুলিশ তদন্ত কেন্দ্র) এর সহায়তায় সুনামগঞ্জ সদর উপজেলায় ০৬(আট) টি মাদকবিরোধী মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে। অভিযান পরিচালনাকালে গাঁজা সংরক্ষণের অপরাধে ০২(দুই) জনকে আটক করা হয়েছে এবং তাদের প্রত্যেককে ০৭(সাত) দিনের বিনাশ্রম কারাদন্ড ও মোট ২০০ (দুইশত) টাকা অর্থদন্ড আরোপ করা হয়েছে।<br><u>সিদ্ধান্ত:</u> মাদকবিরোধী টাস্টফোর্স ও মোবাইল কোর্ট অভিযান অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | জেলা কার্যালয়, সুনামগঞ্জ। |
| ০২ | মাদকবিরোধী একক অভিযান সংক্রান্ত। | <u>আলোচনা:</u> সভায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ কর্তৃক পরিচালিত মাদকবিরোধী একক অভিযানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>**<u>একক অভিযান</u>:**<br>ডিসেম্বর/২০২২ মাসে সুনামগঞ্জ সদর উপজেলাধীন বনগাঁও, নৈনগাঁও, সাহেবনগর, সৈয়দপুর , ঘাসিগাঁও, গোবিন্দপুর, মদনপুর, মঙ্গলাকাটা, রঙ্গারচর, হালুয়াঘাট, এলাকা, বিশ্বম্ভরপুর উপজেলাধীন ডলুরা, চিনাকান্দি, কাশিপুর এলাকা, তাহিরপুর উপজেলাধীন লাউয়েরগড়, বিটপৈলেনপুর এলাকা, দক্ষিণ সুনামগঞ্জ উপজেলাধীন জামলাবাজ<br>এলাকায় মোট ৩৪(চৌত্রিশ) টি মাদকবিরোধী একক অভিযান পরিচালনা করা হয়েছে। অভিযান পরিচালনাকালে গাঁজা-০২ (দুই) কেজি ও বিলাতি মদ ৪৭(সাতচল্লিশ) বোতল জব্দ করা হয়েছে । এ সংক্রান্তে ০৩ (তিন) টি মামলা দায়ের করা হয়েছে।<br><u>সিদ্ধান্ত:</u> মাদকদ্রব্যের বিস্তার রোধে নিয়মিত মাদকবিরোধী একক অভিযান পরিচালনা অব্যাহত রাখার জন্য সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ। |
| ০৩ | তদন্তাধীন মামলা সংক্রান্ত | <u>আলোচনা:</u> মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ এর তদন্তাধীন মামলার বিষয়ে আলোচনা করা হয়। প্রতিবেদনে দেখা যায় যে, ডিসেম্বর/২০২২ মাসে ০৪(চার) টি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে এবং কোন মামলায় চার্জশীট প্রদান করা হয়নি।<br><u>সিদ্ধান্ত:</u> নির্ধারিত সময়ের মধ্যে মাদক সংক্রান্ত মামলার তদন্ত কাজ দ্রুত ও যথাযথভাবে করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | মাদকদ্রব্য বিষয়ক বিচারাধীন মামলা সংক্রান্ত | আলোচনা: ডিসেম্বর/২০২২ মাসে বিচারিক আদালতসমূহে মাদক সংক্রান্ত বিচারাধীন মামলার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বর্তমানে সর্বমোট ৭৪৬(সাতশত তেতাল্লিশ) টি মাদক সংক্রান্ত মামলা বিভিন্ন আদালতে বিচারাধীন রয়েছে।<br>সিদ্ধান্ত: মাদকদ্রব্য সংক্রান্ত বিচারাধীন মামলাসমূহের বিচার কার্যক্রম যাতে দ্রুততম সময়ে সম্পন্ন হয়, সে লক্ষ্যে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণ করার জন্য বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, সুনামগঞ্জসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | (ক) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ।<br>(খ) বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, সুনামগঞ্জ।<br>(গ) কোর্ট পুলিশ পরিদর্শক, সুনামগঞ্জ। |
| ০৫ | মাদকবিরোধী জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ | আলোচনা: সভাপতি বলেন, মাদকের বিষাক্ত ছোবল থেকে জাতিকে রক্ষার জন্য সকলকে এগিয়ে আসতে হবে। দেশের ভবিষ্যত কারিগর যুবসমাজকে মাদকের করালগ্রাস থেকে রক্ষা করতে হবে। তিনি সকল শিক্ষাপ্রতিষ্ঠানে মাদকের কুফল বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশনা প্রদান করেন। তাছাড়া সভায় সমাজের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ ও আলেম ওলামাদের সম্পৃক্ত করে মাদক বিরোধী উদ্বুদ্ধকরণ সভা আয়োজনের উপর গুরুত্ব আরোপ করা হয়।<br>**সিদ্ধান্ত:**<br>(১) শিক্ষাপ্রতিষ্ঠানে ক্লাস আরম্ভ হওয়ার পূর্বে কয়েক মিনিট মাদকের ক্ষতিকর দিক নিয়ে আলোচনা ও অ্যাসেম্বলীতে "মাদককে না বলুন" বিষয়ক অঙ্গীকার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং মাদকের কুফল বিষয়ে জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনার জন্য জেলা শিক্ষা অফিসার ও সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>(২) সমাজের নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ, আলেম ওলামা, জেলা ও উপজেলা প্রশাসন, পুলিশ বিভাগ, বর্ডার গার্ড বাংলাদেশ এর প্রতিনিধি এবং এনজিওদের সমন্বয়ে মাদক বিরোধী জনসচেতনতামূলক সভা আয়োজন করার জন্য উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ ও সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>(৩) জুমআ'র নামাজের খুতবায় মাদকের কুফল সম্পর্কে সচেতনতামূলক বক্তব্য প্রদানের জন্য মসজিদের ইমামগণকে উদ্বুদ্ধকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়।<br>(৪) মাদকবিরোধী মাইকিং এবং প্রামাণ্য চিত্র প্রদর্শনসহ মাদকবিরোধী প্রচারণা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ ও জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। | (ক) উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সুনামগঞ্জ।<br>(খ) জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ।<br>(গ) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ।<br>(ঘ) জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে এবং মাদকবিরোধী অভিযান ও জনসচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখার আহবান জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী
জেলা ম্যাজিস্ট্রেট

স্মারক নম্বর: ৪৪.০৪.৯০০০.০০০.০৪.০০১.১৯.১

তারিখ: ১২ মাঘ ১৪২৯
২৬ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সুরক্ষা সেবা বিভাগ।

২) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

৪) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগয়ি কার্যালয়, সিলেট।

৫) প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা পরিষদ, সুনামগঞ্জ

৬) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, সুনামগঞ্জ

৭) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, সুনামগঞ্জ

৮) অধ্যক্ষ, সুনামগঞ্জ সরকারি কলেজ, সুনামগঞ্জ

৯) অধ্যক্ষ, সুনামগঞ্জ সরকারি মহিলা কলেজ, সুনামগঞ্জ।

১০) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট(এডিএম), জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।

১১) মেয়র, সুনামগঞ্জ/ছাতক পৌরসভা, সুনামগঞ্জ।

১২) উপজেলা পরিষদ চেয়ারম্যান.......................... (সকল), সুনামগঞ্জ।

১৩) উপজেলা নির্বাহী অফিসার........................ (সকল), সুনামগঞ্জ।

১৪) অধিনায়ক, ২৮ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, সুনামগঞ্জ।

১৫) জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, সুনামগঞ্জ।

১৬) মেয়র, দিরাই/জগন্নাথপুর পৌরসভা, সুনামগঞ্জ।

১৭) উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, সুনামগঞ্জ।

১৮) উপপরিচালক, পরিবার পরিকল্পনা বিভাগ, সুনামগঞ্জ।

১৯) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সুনামগঞ্জ।

২০) উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সুনামগঞ্জ।

২১) জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ।

২২) জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ।

২৩) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুনামগঞ্জ।

২৪) পোস্টমাস্টার, প্রধান ডাকঘর, সুনামগঞ্জ-৩০০০।

২৫) বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, সুনামগঞ্জ।

২৬) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সুনামগঞ্জ।

২৭) সভাপতি, জেলা বার এসোসিয়েশন, সুনামগঞ্জ।

২৮) সভাপতি, জেলা প্রেস ক্লাব, সুনামগঞ্জ।

২৯) জেল সুপার, জেলা কারাগার, সুনামগঞ্জ।

৩০) জেলা কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সুনামগঞ্জ।

৩১) জনাব.........................................................................................., সুনামগঞ্জ।

সাজেদুল হাসান
সহকারী পরিচালক